

M.A. Part - I Examination : 2020 (DDE)

বাংলা

(অভ্যন্তরীণ মূল্যায়ন)

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

[প্রতিটি পত্রের প্রতিটি অর্ধ থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট আটটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ০৫]

সমগ্র পরীক্ষাটির উত্তর A4 সাইজ সাদা পৃষ্ঠায় সর্বাধিক ১০ পৃষ্ঠার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

এই ১০ পৃষ্ঠাকে নিয়ে একটি PDF ফাইল তৈরি করে, বিশ্ববিদ্যালয়ের দেওয়া নির্দিষ্ট লিঙ্কে আপলোড করতে হবে।

প্রথম পত্র / প্রথম অর্ধ

মান : ৫

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন :

৫

ক) মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাসে 'চণ্ডীদাস সমস্যা' সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।

খ) বাংলা সাহিত্যের ইতিহাসে কবিকঙ্কণ মুকুন্দের গুরুত্ব সংক্ষেপে বিবৃত করুন।

গ) কৃষ্ণদাস কবিরাজ বিরচিত চৈতন্যজীবনীর বৈশিষ্ট্যগুলি উল্লেখ দিন।

ঘ) মধ্যযুগের অনুবাদ সাহিত্যে দৌলত কাজীর কবিকৃতিত্ব সংক্ষেপে লিখুন।

প্রথম পত্র / দ্বিতীয় অর্ধ

মান : ৫

২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন :

৫

ক) বাংলা সাময়িক পত্রের ইতিহাসে 'বঙ্গদর্শন' পত্রিকার গুরুত্ব সংক্ষেপে আলোচনা করুন।

খ) গিরিশচন্দ্র ঘোষের ঐতিহাসিক নাটকগুলির সংক্ষিপ্ত পরিচয় দিন।

গ) বাংলা উপন্যাসের ইতিহাসে শরৎচন্দ্রের গুরুত্ব সংক্ষেপে লিখুন।

ঘ) বাংলা আধুনিক কবিতার ইতিহাসে নজরুল ইসলামের গুরুত্ব বুঝিয়ে দিন।

দ্বিতীয় পত্র / প্রথম অর্ধ

মান : ৫

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন :

৫

- ক) চর্যাগীতি-তে আপনার পাঠ্য যে-কোনো একটি পদের নিহিতার্থ ব্যাখ্যা করুন।
খ) চর্যার ভাষা প্রাচীন বাংলা— এর সপক্ষে যুক্তি দেখান।
গ) ‘শ্রীকৃষ্ণকীর্তন’ গ্রন্থনাম বিষয়ক বিতর্কটি উপস্থাপন করুন।
ঘ) ‘মনসাবিজয়’ কাব্যে মনসা চরিত্রের স্বাতন্ত্র্য সংক্ষেপে বুঝিয়ে দিন।

দ্বিতীয় পত্র / দ্বিতীয় অর্ধ

মান : ৫

২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন :

৫

- ক) ‘মেঘনাদবধ কাব্য’-এর চতুর্থ সর্গের উপযোগিতা বিষয়ে আলোচনা করুন।
খ) ‘শিশুর হাসি’ কবিতায় প্রতিফলিত সৌন্দর্যভাবনা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন।
গ) ঈশ্বরচন্দ্র গুপ্তের কবিতায় হাস্যরসের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ সংক্ষেপে উপস্থাপন করুন।
ঘ) গীতিকবিতা হিসাবে ‘প্রণয়োচ্ছ্বাস’ কবিতাটি সার্থক হয়েছে কিনা লিখুন।

তৃতীয় পত্র / প্রথম অর্ধ

মান : ৫

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন :

৫

- ক) ‘চিত্রা’ কাব্যের ‘স্বর্গ হইতে বিদায়’ কবিতার নামকরণের সার্থকতা বিচার করুন।
খ) ‘খেয়া’ কাব্যে প্রতিফলিত নিসর্গ চেতনার স্বরূপ সংক্ষেপে ব্যাখ্যা করুন।
গ) ‘পুনশ্চ’ কাব্যের কবিতাগুলিতে এক আটপৌরে ভাষা লক্ষ করা যায় --এ বিষয়ে সংক্ষেপে লিখুন।
ঘ) ‘জন্মদিনে’ কাব্যে রবীন্দ্রনাথের মৃত্যুচেতনার স্বরূপ সংক্ষেপে লিখুন।

তৃতীয় পত্র / দ্বিতীয় অর্ধ

মান : ৫

২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন :

৫

ক) ‘পাছু’ কবিতায় প্রতিফলিত কবির জীবনদর্শনের সংক্ষেপে পরিচয় দাও।

খ) ‘ফরিয়াদ’ কবিতায় কাজী নজরুল ইসলাম ঈশ্বরের বিরুদ্ধে মূল কী কী অভিযোগ করেছেন তা বিবৃত করুন।

গ) জীবনানন্দ দাশ-এর ‘বোধ’ কবিতা অবলম্বনে সংক্ষেপে কবির মানসবৈশিষ্ট্যের স্বরূপ বুঝিয়ে দিন।

ঘ) ‘মুখোশ’ কবিতায় পৃথিবীর ‘সেইসব যুবক যুবতী’ সম্পর্কে কবি বীরেন্দ্র চট্টোপাধ্যায়ের মনোভাবের স্বরূপ ব্যাখ্যা করুন।

চতুর্থ পত্র / প্রথম অর্ধ

মান : ৫

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন :

৫

ক) বঙ্কিমচন্দ্রের ‘উত্তরচরিত’ প্রবন্ধ অবলম্বনে বাল্মীকি ও ভবভূতি চিত্রিত রাম চরিত্রের মধ্যে পার্থক্য নির্দেশ করুন।

খ) “গুরুদেবের কাব্যকলা মারাত্মকরূপে প্রতারক, সেই মোহিনী মায়ার প্রকৃতি না-বুঝে শুধু বাঁশি শুনে ঘর ছাড়লে ডুবতে হবে চোরাবালিতে।”-- ‘রবীন্দ্রনাথ ও উত্তরসাধক’ প্রবন্ধে রবীন্দ্রনাথ সম্পর্কে বুদ্ধদেব বসুর এই মন্তব্যের মর্মার্থ লিখুন।

গ) ‘বিষবৃক্ষ’ উপন্যাসে কুন্দনন্দিনীর স্বপ্নদর্শন কীভাবে ভবিষ্যতের ইঙ্গিতবাহী হয়ে উঠেছে তা সংক্ষেপে লিখুন।

ঘ) ‘গৃহদাহ’ উপন্যাসে সুরেশের আচরণে আকস্মিকতার প্রাবল্য আছে, --অভিমতটির যাথার্থ্য বিচার করুন।

চতুর্থ পত্র / দ্বিতীয় অর্ধ

মান : ৫

২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দিন :

৫

ক) ‘সধবার একাদশী’ প্রহসনে নিমচাঁদের স্বগতোক্তি কীভাবে ট্রাজিক-সংবেদনশীলতার প্রকাশ ঘটিয়েছে তা ব্যাখ্যা করুন।

খ) ‘নুরজাহান’ নাটকটিকে একটি ‘নারী-ট্রাজেডি’ হিসেবে গণ্য করা যায় কিনা সে-বিষয়ে যুক্তি দেখান।

গ) ‘প্রফুল্ল’ নাটকে যোগেশ কেন্দ্রীয় চরিত্র হওয়া সত্ত্বেও নাটকের নাম কেন ‘প্রফুল্ল’ হল, তার সপক্ষে কারণ নির্দেশ করুন।

ঘ) ‘টিনের তলোয়ার’ নাটকে নাট্যকার যে-রাজনৈতিক ভাষ্য প্রকাশ করতে চেয়েছেন, সেটি অল্পকথায় বুঝিয়ে দিন।

.....